# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪৩

১/ বিবিধ

আরবী

أول من يكسى حلة من النار إبليس، يضعها على حاجبيه، وهو يسحبها من خلفه، وذريته من خلفه، وهو يقول: يا ثبوراه! وهم ينادون: يا ثبوراهم، حتى يقف على النار، فيقول: يا ثبوراه! فينادون: يا ثبوراهم، فيقال: لا تدعو اليوم ثبورا واحدا، وادعوا ثبورا كثيرا

ضعيف

أخرجه أحمد (3/152 و153 ـ 154 و249) والبزار (4/183) والطبري في " تفسيره " (18/141) من طريق حماد بن سلمة قال: حدثنا علي بن زيد عن أنس بن مالك أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره

قلت: وهذا سند ضعيف، علي بن زيد هو ابن جدعان ضعيف، كما في التقريب

والحديث أورده الهيثمي في " المجمع " (10/392) وقال

" رواه أحمد والبزار، ورجالهما رجال الصحيح غير علي بن زيد وهو ابن جدعان ضعيف، كما في " التقريب

والحديث أورده الهيثمي في " المجمع " (10/392) وقال

" رواه أحمد والبزار، ورجالهما رجال الصحيح غير علي بن زيد وقد وثق

وذكره ابن الجوزي في تفسيره " زاد المسير " (6/76) (1) دون عزو فقال: روى أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم

فجزم برواية أنس له عن رسول الله صلى الله عليه وسلم، فلم يحسن، وكم فيه من

أحاديث ضعيفة وواهية يسكت عنها، ولا يبين وهنها، بل ربما أوهم صحتها، كهذا، وقد تولى بيان حال الكثير منها الأستاذ المعلق عليه، ولكنه سكت أيضا عن غير قليل منها كهذا الحديث، فإنه خرجه ولم يبين حال إسناده، بل وأقره على جزمه

বাংলা

১১৪৩। সর্বপ্রথম দু’কাপড় বিশিষ্ট জাহান্নামী পোষাক যাকে পরিধান করানো হবে সে হচ্ছে ইবলীস। সে তা তার দু’কাঁধের উপর রেখে দিয়ে তাকে তার পেছন থেকে হেঁচড়াতে থাকবে। আর তার অনুসারীরা থাকবে তার (ইবলীসের) পেছনে। সে ধ্বংসকে ডেকে বলবে, হায় তার ধ্বংস! অতঃপর তাদেরকে ডাকতে থাকা হবে হয় তাদের ধ্বংস! এভাবে সে জাহান্নামের উপরে দাঁড়িয়ে যাবে অতঃপর বলবেঃ হায় তার ধ্বংস। অতঃপর তাদেরকে ডাকতে থাকা হবে হায় তাদের ধ্বংস! এরপর তাকে বলা হবেঃ “আজ তোমরা ধ্বংস হওয়াকে একবারই শুধু ডেকো না, বরং বহুবার ধ্বংসকে ডাকো।”

হাদিসটি দুর্বল।

হাদীসটি ইমাম আহমাদ (১২১৫০), বাযযার (৪/১৮৩) ও ত্বাবারানী তার তাফসীর গ্রন্থে (১৮/১৪১) হাম্মাদ ইবনু সালামা সূত্রে আলী ইবনু যায়েদ হতে, তিনি আনাস ইবনু মালেক হতে ... বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আলী ইবনু যায়েদ হচ্ছেন ইবনু জাদ’য়ান, তিনি দুর্বল যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে। হাদীসটিকে হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৩৯২) উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি ইমাম আহমাদ ও বাযযার বর্ণনা করেছেন। আলী ইবনু যায়েদ ছাড়া অন্য বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী।

ইবনুল জাওযী তার তাফসীর গ্রন্থ "যাদুল মুয়াসসার" এর মধ্যে (৬/৭৬) হাদীসটি উল্লেখ করে হাদীসটির সমস্যা বর্ণনা করা থেকে চুপ থেকেছেন। তিনি বহু দুর্বল হাদীসের ক্ষেত্রেই এরূপ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন